


কারিগরি প্রশিক্ষণের সুবর্ণ সুযোগ



হাসান আশিক

অর্থ মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত স্কিলস ফর এমপ্লয়মেন্ট অ্যান্ড ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-সেপ প্রকল্পের আওতায় বেকারদের কর্মমুখী নানা বিষয়ে বিনামূল্যে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র। এই দুটি প্রতিষ্ঠান প্রশিক্ষণের পর প্রশিক্ষণার্থীদের চাকরির সহায়তাও প্রদান করবে।

বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

সেপ প্রকল্পের আওতায় কারিগরি সাত বিষয়ে প্রশিক্ষণ দেবে প্রতিষ্ঠানটি। ছয় মাস মেয়াদি বিনামূল্যের এসব প্রশিক্ষণ কোর্স শেষে দেওয়া হবে বৃত্তি। আবেদনপত্র সংগ্রহ ও জমা দিতে হবে ১৫ ডিসেম্বরের মধ্যে।

উদ্যোগ

বেসব বিষয়ে প্রশিক্ষণ : ইলেকট্রিক্যাল, প্লাস্টিং অ্যান্ড পাইপ ফিটিংস, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন, গ্রাফিকস ডিজাইন, মিড লেভেল গার্মেন্ট সুপারভাইজার এবং কোয়ালিটি কন্ট্রোল সুপারভাইজারের ক্ষেত্রে দেওয়া হবে প্রশিক্ষণ আবেদন যোগ্যতা : ইলেকট্রিক্যাল, প্লাস্টিং অ্যান্ড পাইপ

ফিটিংস, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং এবং ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন কোর্সে ভর্তির যোগ্যতা জেএসসি পাস। গ্রাফিকস ডিজাইন ও মিড লেভেল গার্মেন্ট সুপারভাইজার কোর্সের জন্য এসএসসি এবং কোয়ালিটি কন্ট্রোল সুপারভাইজার কোর্সের জন্য এইচএসসি পাস হতে হবে।

বেতন-ভাতা : প্রতিদিন দুটি শিফটে এবং প্রতি ট্রেডে নেওয়া হবে ৩০ জন। ৮০ শতাংশ উপস্থিতির ভিত্তিতে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে মাসিক এক হাজার টাকা এবং ষষ্ঠ মাসে এক হাজার ৫০০ টাকা ভাতা প্রদান করা হবে।

আবেদন বিস্তারিত : বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর-২, ঢাকা। মোবাইল : ০১৯৫১-১২৭২৬৭, ০১৮১৮-৯৯৭৫৭৯।

শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিচালিত জানুয়ারি-জুন ২০১৭ সেশনে বিভিন্ন ট্রেডে মহিলাদের বিনামূল্যে প্রশিক্ষণ দেবে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র। ফরম বিতরণ চলবে ১৫ ডিসেম্বর পর্যন্ত।

বেসব বিষয়ে প্রশিক্ষণ : চারটি বিষয়ে দেওয়া হবে প্রশিক্ষণ- ওয়েব ডিজাইন, গ্রাফিকস ডিজাইন, সুইং

মেশিন অপারেটর এবং মিড লেভেল সুপারভাইজার।

আবেদন যোগ্যতা : ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সে নেওয়া হবে ৩০ জন করে। আবেদন যোগ্যতা এসএসসি। সুইং মেশিন অপারেটর ও মিড লেভেল সুপারভাইজার কোর্সে আবেদনের যোগ্যতা নূনতম অষ্টম শ্রেণি পাস।

সুযোগ-সুবিধা : এই চারটি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে বিনা খরচে। এ ছাড়া প্রশিক্ষণ শেষে ছয় হাজার ৫০০ টাকা ভাতা দেওয়া হবে। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্স শেষে এন্ট্রি লেভেলে ওয়েব ডিজাইনার হিসেবে চাকরি এবং অনলাইনে আউটসোর্সিংয়ের সুযোগ দেওয়া হবে। সুইং মেশিন অপারেটর কোর্স শেষে দক্ষরা গার্মেন্ট বা এ-সংক্রান্ত চাকরি এবং মিড লেভেল সুপারভাইজার কোর্স শেষে কোয়ালিটি কন্ট্রোলার, মিড লেভেল সুপারভাইজার পদে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কাজের সুযোগ রয়েছে। এ ছাড়াও প্রশিক্ষণ শেষে চাকরির বিষয়ে সহায়তা করা হবে।

আবেদন বিস্তারিত : আবেদন ফরম পাওয়া যাবে www.skilledbangladesh.info/dhaka_mohila -এই ওয়েব লিংকে। তাছাড়া যোগাযোগ করতে পারেন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, টেকনিক্যাল মোড়, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা।

সমকালীন ঘটনা

বাংলাদেশ

২৭ নভেম্বর : প্রধানমন্ত্রীর মুখ্য সচিব হিসেবে নিয়োগ পেলেন জনপ্রশাসন সচিব কামাল আবদুল নাসের চৌধুরী।

❖ এশিয়ান হকি ফেডারেশন কাপের ফাইনালে শ্রীলংকাকে ৩-০ গোলে হারিয়ে হ্যাটট্রিক চ্যাম্পিয়ন বাংলাদেশ।

২৮ নভেম্বর : মাধ্যমিক স্কুল সার্টিফিকেট [এসএসসি] পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা, চারু ও কারুকলা এবং কারিয়ার শিক্ষা বাদ দেওয়া, পাঠ্যপুস্তক সহজ করা সহ মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে ১৫ দফা সুপারিশ শিক্ষাবিদদের।

২৯ নভেম্বর : কৃষি, পানি ব্যবস্থাপনা তথা বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে তিনটি সমঝোতা স্মারক [এমওইউ] স্বই করেছে বাংলাদেশ ও হাঙ্গেরি।

৩০ নভেম্বর : বাংলা নববর্ষের অনুষ্ঠক মঙ্গল শোভাযাত্রাকে সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে ইউনেস্কো।

১ ডিসেম্বর : লুই কানের তৈরি করা জাতীয় সংসদ ভবনের মূল নকশা বাংলাদেশে। মূল নকশার চারটি করে সেট যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয় থেকে টাকায় আনা হয়েছে।

❖ মৎস্য জরিপ কাজ চালাতে ১ ডিসেম্বর থেকে বঙ্গোপসাগরে নেমেছে 'আর ভি মিন স্কানী'। জাহাজটির মাধ্যমে দীর্ঘ ১৭ বছর পর বঙ্গোপসাগরে মৎস্য জরিপের কাজ শুরু হলো।

২ ডিসেম্বর : বাংলাদেশ থেকে আরও শান্তিরক্ষী নিচ্ছে জাতিসংঘ। দক্ষিণ সুদানের জন্য পদাতিক বাহিনীর ৮৫০ সদস্যের একটি সমন্বিত দল চেয়েছে তারা।

আন্তর্জাতিক

২৭ নভেম্বর : ফ্রান্সে আগামী বছর অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচনে রক্ষণশীল দলের প্রার্থী হিসেবে মনোনয়ন পেয়েছেন ফ্রাঁসোয়া ফিলৌ।

৩০ নভেম্বর : ২০১৭ সালের মধ্যে বাংলাদেশ ও পাকিস্তান সীমান্তে বহু ধাপের 'স্মার্ট বেড়া' দেওয়ার পরিকল্পনা ভারতের।

১ ডিসেম্বর : মার্কিন সিনেটে ৯৯-০ ভোটে ইরানের ওপর নিষেধাজ্ঞা আরোপের বিল পাস।

■ চাকরি নিয়ে ডেক